

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৮০

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩. আল্লাহর বাণী: যখন তোমরা সালাতে দাঁড়াও, তখন তোমরা তোমাদের মুখমণ্ডল ধৌত কর"- আয়াত

بَابُ {إِذَا قُمْتُمْ إِلَى الصَّلَاةِ، فَاغْسِلُوا وُجُوهَكُمْ} الْآيَةَ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الصَّمَدِ بْنُ عَبْدِ الْوَارِثِ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنَا مَسْعُودُ بْنُ عَلِيِّ عَنْ عِكْرِمَةَ أَنَّ سَعْدًا كَانَ يُصَلِّي الصَّلَوَاتِ كُلَّهَا بِوُضُوءٍ وَاحِدٍ وَأَنَّ عَلِيًّا كَانَ يَتَوَضَّأُ لِكُلِّ صَلَاةٍ وَتَلَا هَذِهِ الْآيَةَ إِذَا قُمْتُمْ إِلَى الصَّلَاةِ فَاغْسِلُوا وُجُوهَكُمْ وَأَيْدِيَكُمْ الْآيَةَ

رجاله ثقات ولكنه منقطع قال أبو حاتم: عكرمة لم يسمع من سعد بن أبي وقاص

বাংলা

৬৮০. ইকরিমাহ থেকে বর্ণিত, সা'দ রাদ্বিয়াল্লাহু আনহু এক ওযু দিয়েই সব সালাত আদায় করতেন। আর আলী রাদ্বিয়াল্লাহু আনহু প্রত্যেক সালাতের জন্য (নতুন) ওযু করতেন। তারপর তিনি তিলাওয়াত করলেন: "যখন তোমরা সালাতে দাঁড়াও, তখন তোমাদের মুখমণ্ডল এবং দু'হাত কনুই পর্যন্ত ধৌত কর।"[1] (সূরা মায়িদাহ: ৬)

ফুটনোট

[1] তাহকীক্ব: এর রাবীগণ সকলেই বিশ্বস্ত । কিন্তু সনদ বিচ্ছিন্ন। আবী হাতিম বলেন: ইকরিমা সা'দ ইবনু আবী ওয়াক্কাস হতে কিছু শোনেননি।...

তাখরীজ: সা'দ রা: এর হাদীসটি তাবারী, তাফসীর ৬/১১১; আলী রা: এর হাদীসটিও বর্ণনা করেছেন, তাবারী, তাফসীর ৬/১১২। আরও দেখুন নাসিখুল কুরআন ওয়াল মানসূখাহ;- ইবনুল জাওয়ী, নাওয়াসিখুল কুরআন, পৃ: ৩৬৯-৩৭০ আমার তাহকীককৃত; নাহহাস, নাসিখ ওয়াল মানসুখ পৃ: ১২২; দূররে মানসূর ২/২৬২।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইকরিমা (রহঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 76056$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন